

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মোহনপুর ইউনিয়ন পরিষদ
উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের জুন /২০১৯ খ্রি: মাসের সাধারণ সভার কার্যবিবরণী :
সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর,
সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৫-০৬-২০১৮ খ্রিঃ রোজ : মঙ্গলবার সময় : সাকল ১০.০০ ঘটিকা

সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ইউপি সভায় উপস্থিত সদস্যগণের নাম :

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	ওয়ার্ড নং	স্বাক্ষর
০১	জনাব মো: নুরুল হক	চেয়ারম্যান	১-৯	স্বাক্ষরিত
০২	বেগম সন্ধ্যা রাণী দেব	সংরক্ষিত মহিলা	১.২.৩	স্বাক্ষরিত
০৩	বেগম স্বপ্না বেগম	সংরক্ষিত মহিলা	৪.৫.৬	স্বাক্ষরিত
০৪	বেগম মোছা: আছিয়া খাতুন	সংরক্ষিত মহিলা	৭.৮.৯	স্বাক্ষরিত
০৫	জনাব মো: তৈয়বুর রহমান	সাধারণ সদস্য	১নং	স্বাক্ষরিত
০৬	জনাব মো: ইকবার হোসেন	সাধারণ সদস্য	২নং	স্বাক্ষরিত
০৭	জনাব মামুন রশিদ সেলিম	সাধারণ সদস্য	৩নং	স্বাক্ষরিত
০৮	জনাব মো: শামছুন নূর	সাধারণ সদস্য	৪নং	স্বাক্ষরিত
০৯	জনাব মো: রইছ মিয়া	সাধারণ সদস্য	৫নং	স্বাক্ষরিত
১০	জনাব মো: বাবুল মিয়া	সাধারণ সদস্য	৬নং	স্বাক্ষরিত
১১	জনাব মো: নুরুল ইসলাম	সাধারণ সদস্য	৭ নং	স্বাক্ষরিত
১২	জনাব মো: আব্দুস সোবাহান	সাধারণ সদস্য	৮নং	স্বাক্ষরিত
১৩	জনাব মো: আজিম উদ্দিন	সাধারণ সদস্য	৯নং	স্বাক্ষরিত

আলোচ্য বিষয় :

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। ২০১৯-২০২০ অর্থ বছরের এলজিএসপি-৩ প্রকল্প নির্বাচন প্রসঙ্গে।

৩। স্কিম তৈরির জন্য সহায়তা, হিসাব রক্ষণ ও তথ্যাদি কম্পিউটার এন্ট্রিকরণের জন্য জনবল নিয়োগ।

৪। আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ে আলোচনা।

ক্র: নং	বিবরণ	সিদ্ধান্ত	মন্তব্য
১	অধ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।		
২	সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ওয়ার্ডসভা ও ইউনিয়ন ক্রয় পরিকল্পনা কমিটি হতে প্রাপ্ত ২০১৮-২০১৯ অর্থ বছরে এলজিএসপি-৩ এর বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ উপস্থাপন করেন এবং অপেক্ষাকৃত অগ্রাধিকার প্রকল্পসমূহ নির্বাচন করার জন্য আহ্বান জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং পরিশিষ্ট “ক”তে উল্লিখিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।	পরিশিষ্ট “ক”তে উল্লিখিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়।	

৩	সভাপতি মহোদয় বলেন- ইউ/পি অফিসে কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় বিশেষ করে এলজিএসপি এর স্কিম তৈরির জন্য সহায়তা, হিসাব রক্ষণ ও ইউনিয়ন পর্যায়ের তথ্যাদি কম্পিউটারে এন্ট্রিকরণ কাজের জন্য মৌলিক খোক বরাদ্দের ১০% বরাদ্দ হতে অন্তত ১ জন লোক নিয়োগ দিয়ে জনবল বৃদ্ধি করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	মৌলিক খোক বরাদ্দের ১০% বরাদ্দ হতে অন্তত ১ জন লোক নিয়োগ দিয়ে জনবল বৃদ্ধির পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	
৪	ইউনিয়নের সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ে আলোচনা হয়। আলোচনায় ইউ/পি সদস্য জনাব শামসুন নূর মিয় বলেন, আমার ওয়ার্ডে আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তবে পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং কোন প্রকার সন্ত্রাসী কর্মকান্ড যাতে না তার জন্য জনগণকে সচেতন করতে হবে। তিনি তার ওয়ার্ডে ১ টি জনসচেতনতামূলক কর্মসূচী পালন করার জন্য অনুরোধ জানান। সভায় অন্যান্য সদস্যগণও আলোচনার অংশগ্রহণ করেন এবং আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জানান। সভাপতি সকলকে এ বিষয়ে সজাগ থাকার জন্য অনুরোধ জানান।	আইন শৃংখলা বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য ০৪ নং ওয়ার্ডে কর্মসূচী পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।	

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)

চেয়ারম্যান

মোহনপুর ইউনিয়ন পরিষদ

সুনামগঞ্জ সদর।

স্মারক নং: ৮৭/১৯

তারিখঃ ২০/০৬/২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

(মো: নুরুল হক)

চেয়ারম্যান

মোহনপুর ইউনিয়ন পরিষদ

সুনামগঞ্জ সদর।

পরিশিষ্ট “ক”

বাস্তবায়নের জন্য অনুমোদিত প্রকল্প তালিকা (এলজিএসপি-৩), অর্থ বছর ২০১৮-২০১৯

ক্র. নং	প্রকল্পের নাম	খাতের নাম	মোট বরাদ্দ
১	হামিদুল হক উচ্চ বিদ্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার এবং মুক্তিযুদ্ধ পাঠাগার স্থাপন	শিক্ষা	৫০০০০/= BBG
২	ভৈষবেড় সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বাগানকরণ	শিক্ষা	২৫০০০/= BBG
৩	ব্রহ্মোত্তর নতুন এলজিএসপি রাস্তার মাথা হতে ইমদাদের বাড়ীর সামনা পর্যন্ত রাস্তায় সিসি ঢালাই।	রাস্তা ও যোগাযোগ	৫৫০০০০/=BBG
৪	ব্রহ্মোত্তর বড় সড়ক হতে এখলাছ মিয়্যার বাড়ী পর্যন্ত সিসি ঢালাই	রাস্তা ও যোগাযোগ	২৭৫০০০/=BBG
৫	মোহনপুর পৈন্দা সড়ক মেরামত	রাস্তা ও যোগাযোগ	৫০০০০/=BBG
৬	জয়নগর বাজার হাজী গণিবক্স উচ্চ বিদ্যালয়ে ১ টি গার্লস কর্ণার স্থাপন	শিক্ষা	২৯০০০০/- BBG
৭	বাগীপুর মারকাজুল উলুম মাদ্রাসায় বঙ্গবন্ধু কর্ণার এবং মুক্তিযুদ্ধ পাঠাগার স্থাপন	শিক্ষা	৫০০০০/= BBG
৮	বাগীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সামনের মাঠে মাটি ভরাট	শিক্ষা	৬০০০০/- BBG
৯	রাশনগর গ্রামের ইদ্রিছ আলীর বাড়ীর সামন জনস্বার্থে ১ টি নলকূপ স্থাপন।	পানি সরবরাহ	৫০০০০/= BBG
১০	আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জনসচেতনতা মূলক প্রচারাভিযান	সক্ষমতা	২৫০০০/- BBG
১১	জনবল নিয়োগ	সক্ষমতা	৬০০০০/= BBG
১২	২০১৯ সালের বার্ষিক ওয়ার্ডসভা অনুষ্ঠান	সক্ষমতা	৩১৩৫৩/- BBG
১৩	জয়নগর কালীমন্দিরের সামনের এলজিএসপি রাস্তার মাথা হতে মেইনরোডের দিকে সিসি ঢালাই।	রাস্তা ও যোগাযোগ	৩৩০৪৮৯/=PBG
মোট			১৮৪৬৮৪২/=

(মো: নুরুল হক)

চেয়ারম্যান

মোহনপুর ইউনিয়ন পরিষদ

সুনামগঞ্জ সদর।

